

বিষয় : ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তির প্রাথমিক অনুমতি প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ০৭-০৭-২০১৪ তারিখের ৩৭.০০,০০০০,০৭৩,৩৩,০৭১,১৩/২০৩ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে আপনাকে জানানো যাচ্ছে যে, আপনার কলেজ উচ্চ মাধ্যমিক পর্যায়ে স্ব-অর্থায়নে ও এমপিও দাবী না করার শর্তে আগামী কলেজ মঞ্জুরী কমিটির সভায় অনুমোদন স্বাপেক্ষে ও শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/ জনবলের বেতন ভাতাদি প্রতিষ্ঠানের স্ব অর্থায়নের পরিশোধের শর্তে নিম্ন লিখিত বিভাগ/ বিষয় সমূহে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষ হতে একাদশ শ্রেণীতে ১(এক) বছরের জন্যে সম্পূর্ণ সাময়িক ভিত্তিতে ছাত্র-ছাত্রী ভর্তির প্রাথমিক অনুমতি প্রদান করা হল।

একাদশ শ্রেণীতে পাঠ্য সমূহ (পাঠ্যক্রম অনুযায়ী)

আবশ্যিক বিষয় সমূহ	বিভাগ ভিত্তিক আবশ্যিক বিষয়	বিভাগ ভিত্তিক ঐচ্ছিক বিষয়
বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	ক গুচ্ছ থেকে ৩টি	যে কোন একটি
মানবিক বিভাগ	বিজ্ঞান	ব্যবসায় শিক্ষা বিভাগ
১। ইতিহাস ২। পৌরনীতি ও সুশাসন ৩। যুক্তিবিদ্যা ৪। সমাজবিজ্ঞান	XXX	১। হিসাব বিজ্ঞান ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ৪। অর্থনীতি

আরোপিত শর্ত সমূহঃ

- ১। অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষকদের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের তহবিল থেকে পরিশোধ করতে হবে।
- ২। একাদশ শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তির অনুমতিক্রমে প্রথম পর্যায়ে ১(এক)বছরের জন্যে অর্থাৎ আগামী ৩০-০৬-২০১৫ তারিখ পর্যন্ত পাঠদানের অনুমতি বলে গণ্য করতে হবে। কোন অবস্থাতেই একে স্বীকৃতি হিসাবে গন্য করা যাবে না।
- ৩। প্রতি বিভাগে কাম্যসংখ্যক শিক্ষার্থী ভর্তি ও পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ৪। লাইব্রেরিতে ২০০০(দুই হাজার) খানা পাঠ সহায়ক বই থাকতে হবে।
- ৫। যথাযথ মর্যাদার সাথে জাতীয় দিবস গুলি উদযাপন ও ক্রীড়া, সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
- ৬। ২০০৯ সালের প্রজ্ঞাপন অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে।
- ৭। এক মাসের মধ্যে নির্বাহী কমিটি গঠন করতে হবে।
- ৮। সংরক্ষিত তহবিলে ১,০০,০০০/= ও সাধারণ তহবিলে ৫০,০০০ টাকা জমা রাখতে হবে।
- ৯। দ্বাদশ শ্রেণী খোলার পূর্বে ৬,০০০/(ছয় হাজার) টাকা ফিস জমা দিয়ে পূর্বানুমতি গ্রহণ করতে হবে।
- ১০। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের সিলেবাস অনুযায়ী পাঠদান করতে হবে।
- ১১। বিধি মোতাবেক শিক্ষক নিয়োগ দিতে হবে।
- ১২। ৬(ছয়) মাসের মধ্যে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ করতে হবে।
- ১৩। কলেজ চত্ত্বরে ফলজ, বনজ ও ঔষধি গাছ লাগাতে ও পরিচর্যা করতে হবে।
- ১৪। পরীক্ষার পূর্বেই প্রতি বিভাগে ২,০০০/- (দুই হাজার) টাকা হিসাবে ফী জমা দিয়ে পরীক্ষার বিশেষ অনুমতি নিতে হবে।

৩১/৭-

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড

যশোর

টেলিফোন নং-০৪২১-৬৮৬৩৮

প্রাপক :

অধ্যক্ষ

প্রস্তাবিত ভি, কে, এস, গিলাবাড়ী পাঞ্জুগাজী ইউনাইটেড একাডেমি ও কলেজ

ডাক : সাতহালিয়া, কয়রা, খুলনা।

স্মারক নং- ক/অ/১৪২০(১১)৮

তারিখঃ ২২/৭/১৪

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, খুলনা।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৫। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। জেলা শিক্ষা অফিসার, খুলনা।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা।
- ৮। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৯। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ১০। সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ১১। সংরক্ষণ নথি।